দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টে দুধপাতিলা একাদশ বিজয়ী

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের ৩য় ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। জয়রামপুর ইউথ ক্লাব মাঠে টুর্নামেন্টের ৩য় ম্যাচে মুখোমুখি মাঠে নামে দুধপাতিলা একাদশ বনাম দামুড়হুদা স্পোর্টিং ক্লাব।

খেলায় দামুড়হুদা স্পোর্টিং ক্লাব কে ১-০গোলে হারিয়ে জয়ের লক্ষে পৌঁছে যায় দুধপাতিলা একাদশ। দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে ম্যাচ শেষে ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার বিতরণ করা হয়।

জয়রামপুর গ্রাম বাসীর আয়োজনে বিশেষ অতিথি সামসুল আলমের হাত থেকে ম্যাচটির ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার তুলে দেয়া হয় দুধপাতিলা একাদশের ৮নং জার্সি পরিহিত শাহাবুল কে । জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদের ব্যবস্থাপনায় এসময় উপস্থিত ছিলেন শিক্ষক নজরুল ইসলাম, রাজীব, স্বপন,রনি, হাফিজুর, আরিফ, নাজির, মুসা, হাসিবুল, সামসুল হক সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ সহ গণমান্য ব্যক্তিবর্গ।

ম্যাচটিতে রেফারির দায়িত্ব পালন করেন একরামুল হাসান নিপুন, সহকারী রেফারি ছিলেন তারিকুল ইসলাম ও সুভাষ চন্দ্র বিশ্বাস। ধারাভাষ্যকার ছিলেন আজমল হোসেন, সোহান।

এশিয়াকাপে থাইল্যান্ডকে উড়িয়ে দিল বাংলাদেশ

ম্যাচের আগে বাংলাদেশ নারী দলের অধিনায়ক নিগার সুলতানা বলেছিলেন,

‘জেতার জন্যই মাঠে নামবে বাংলাদেশ। লক্ষ্য শিরোপা ধরে রাখা।’

কথার প্রমাণ মাঠেই দিলেন তারা। উদ্বোধনী ম্যাচে থাইল্যান্ডকে পাত্তাই দিল না বাঘিনীরা।

৫০ বল বাকি থাকতে ১ উইকেট হারিয়েই জয়ের বন্দরে পৌঁছে যায় বাংলাদেশ।

এ জয়ের দিনেও আক্ষেপে পুড়তে পারেন টাইগ্রেস ওপেনার শামিমা সুলতানা। মাত্র ১ রানের জন্য ক্যারিয়ারের ৩য় হাফসেঞ্চুরি বঞ্চিত হন। পুথাওয়াংয়ের বলে বোল্ড হওয়ার আগে ১০ বাউন্ডারিতে ৩০ বলে ৪৯ রান করেন শামিমা।

শামিমার সাজঘরে ফেরার পর আর কোনো বিপদ ঘটেনি বাংলাদেশের। আরেক ওপেনার ফারজানা হককে সঙ্গে নিয়ে বাকি কাজটা সারেন অধিনায়ক নিগার সুলতানা। ২৯ বলে ২৬ রানে অপরাজিত থাকেন ফারজানা। অপরপ্রান্তে ১১ বলে ১০ রানে অপরাজিত থেকে জয় নিয়ে মাঠ ছাড়েন নিগার।

এর আগে রোমানা-নাহিদাদের দুর্দান্ত বোলিংয়ে মাত্র ৮২ রানেই গুটিয়ে যায় থাইল্যান্ড। আর সেই মামুলী লক্ষ্য ১১.৪ ওভারেই পার করে দেয় বাংলাদেশ।

সিলেট বিভাগীয় ক্রিকেট স্টেডিয়ামে মেয়েদের টি-টোয়েন্টি এশিয়াকাপের উদ্বোধনী ম্যাচে থাইল্যান্ডের মুখোমুখি হয় বাংলাদেশ।

টসে হেরে ফিল্ডিং পায় নিগার সুলতানার দল।

আর জাহানারা-রোমানাদের দুর্দান্ত বোলিংয়ে পুরো ২০ ওভার খেলতে পারেনি থাইল্যান্ড। ২ বল বাকি থাকতেই মাত্র ৮২ রানে থামে থাইল্যান্ডের ইনিংস।

সর্বোচ্চ ২৬ রান এসেছে টপঅর্ডার ব্যাটার পানিথা মায়ার ব্যাট থেকে। দ্বিতীয় সর্বোচ্চ ৩৮ বলে ২০ রানে করেছেন ওপেনার নাথাকা চানথাম। এরপর আরও দুজন ছাড়া বাকিদের কেউ দুই অংকের ঘরেই পৌঁছুতে পারেননি।

বল হাতে দুর্দান্ত পারফর্ম করেছেন বাংলাদেশের রোমানা আহমেদ। ৩ ওভার হাত ঘুরিয়ে মাত্র ৯ রান দিয়ে ৩ উইকেট শিকার করেছেন তিনি। দুটি করে উইকেট পেয়েছেন নাহিদা, সানজিদা ও সোহেলি। সালামা খাতুন

১ উইকেট পেয়েছেন।

বিশ্বকাপের আগে ভারত দলে বড় দুঃসংবাদ

অক্টোবরে শুরু টি-টোয়েন্টি বিশ্বকাপ। তার আগেই বড় দুঃসংবাদ পেল ভারতীয় দল। ইনজুরিতে পড়েছেন দেশটির পেস আক্রমণের মূল অস্ত্র জাসপ্রিত বুমরাহ। টি-টোয়েন্টি বিশ্বকাপ আর খেলা হচ্ছে না তার।

এনিয়ে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) এখনবধি কোনো বিবৃতি দেয়নি।

তবে বোর্ডের এক কর্মকর্তা ভারতীয় গণমাধ্যমে বলেন, বুমরাহ টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলছে না। তার পিঠের অবস্থা ভালো নয়। পিঠে চোটটা গুরুতর। তার সুস্থ হতে ৬ মাস সময় লাগবে।

অর্থাৎ বিশ্বকাপ থেকে ছিটকে গেলেন বুমরাহ।

পিঠের চোটের কারণে এশিয়া কাপেও খেলতে পারেননি বুমরাহ। প্রায় দুমাস বিশ্রামের পর অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজে দলে ফেরেন। তিন্তু তার পেসে আগের মতো ঝাঁঝ দেখা যায়নি।

দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে প্রথম ম্যাচে চোটের কারণে খেলতে পারেননি। তখন রোহিত শর্মা জানিয়েছিলেন, ছোট একটা চোট রয়েছে ভারতীয় পেসারের।

এ অবস্থায় নতুন খবর- পিঠের চোট আরও মারাত্মক আকার ধারণ করেছে বুমরাহ।

দামুড়হুদায় ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

একমাত্র খেলা-ধুলায় পারে যুবসমাজকে মাদক থেকে দূরে রাখতে সেই উপলক্ষে দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার বেলা ৪ টায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর ইয়ুথ ক্লাব মাঠে।এ খেলায় মোট ১২ টি দল অংশগ্রহণ করবে উদ্বোধনী ম্যাচে দর্শনা বয়েজ ক্লাব বনাম চুয়াডাঙ্গা জাফরপুর একাদশ এ টুর্নামেন্টের প্রথম দিনে দুটি খেলা অনুষ্ঠিত হয়। খেলায় দর্শনা বয়েজ ক্লাব ১ চুয়াডাঙ্গা জাফরপুর একাদশ ১গোলে খেলাটি ড্র করেছে।

জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে: প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, এক সময় আমাদের দেশের খেলা- ধুলার মান খুবই খারাপ ছিলো। মাননীয় প্রধানমন্ত্রী নেতৃত্বে দেশের উন্নয়নের ধারা অব্যাহত থাকার সাথে সাথে খেলা-ধুলার মানও উন্নতির দিকে এগিয়ে চলেছে। সকলকে মাদক পরিহারের অঙ্গীকার করতে হবে। একমাত্র খেলা-ধুলায় পারে যুবসমাজকে মাদক থেকে দুরে রাখতে। আমাদের যুবসমাজকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে খেলা-ধুলার বিকল্প নেই।

বিশেষ অতিথির বক্তব্যে সিরাজুল ইসলাম মাস্টার বলেন, মাদকের ভয়াল থাবা থেকে আমাদের সন্তানদের দুরে রাখতে হবে। মাদক থেকে দুরে থাকতে হলে খেলা-ধুলার বিকল্প নেই। মাদকাশক্ত একটি সন্তান ওই পরিবারের অভিশাপ। একটি পরিবারকে ধ্বংশ করতে একজন মাদকাশক্ত সন্তানই যথেষ্ট। তাই অভিভাবকদেরও লক্ষ রাখতে হবে আপনার সন্তান কোথায় যায়, সে মাদকাশক্ত কিনা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আবুল কালাম আজাদ মিয়া, আহসান কবীর রিপন মিয়া, আমজাদ হোসেন,নিশান তরফদার, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, শহিদুল ইসলাম।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদ এর সঞ্চালনায় আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন, রাজীব,স্বপন,রনি, হাফিজুর,আরিফ, নাজির,মুসা, আজাদ, হাসিবুল সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন। মেডিক্যাল টিমের দায়িত্ব পালন করেন রাশিদুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দামুড়হুদা।
আয়োজনে: জয়রামপুর গ্রামবাসী।

প্রথম সিরিজ জয়ে যা বললেন অধিনায়ক সোহান

অধিনায়ক হিসেবে সোহানের এটি প্রথম সিরিজ জয়। দুই ম্যাচ টি-টোয়েন্টি সিরিজের শেষ ম্যাচে আরব আমিরাতের বিপক্ষে বড় ব্যবধানের জয় পেয়েছে বাংলাদেশ। এদিন আবুধাবিতে ৩২ রানের বড় জয় পান টাইগাররা।

এশিয়া কাপে খারাপ সময় কাটানো বাংলাদেশ দল যেন হাফ ছেড়ে বাঁচল। স্বস্তি পেলেন অধিনায়ক সোহানও। তিনি বলেন, আমার খুব ভালো লাগছে। দলের সবাই খুব ভালো খেলেছে। ছেলেরা সবাই ভালো খেলতে উন্মুখ হয়েছিল। এটি ছেলেদের থেকে একটা দারুণ প্রচেষ্টা।

তিনি বলেন, আমি মনে করি, এ সিরিজ জয় বিশ্বকাপে কাজে লাগবে। জেতাটা একটা অভ্যাসের বিষয়। আমি মনে করি এই জয় আগামীতে ত্রিদেশীয় সিরিজ এবং বিশ্বকাপে আমাদের সহায়তা করবে।

অন্যদিকে আরব আমিরাত অধিনায়ক রিজওয়ান বলেন, দুর্ভাগ্যবশত আমরা নিজেদের পথে হাঁটতে পারিনি। পাওয়ার প্লেতে আমাদের রান কিছু কম হয়েছিল এবং দ্রুত কয়েকটা উইকেট হারিয়েছি। ওরা সঠিক জায়গায় বোলিং করেছে এবং নিজেদের কোয়ালিটি দেখিয়েছে। অবশ্যই তাদের ক্রেডিট প্রাপ্য। এটি আমাদের জন্য একটা শেখার মঞ্চ। আমরা এ রকম ম্যাচ যদি আরও বেশি খেলার সুযোগ পাই, তা হলে আরও উন্নতি করব।

[redacted]

[redacted]

বিপিএলে খেলোয়াড়দের পারিশ্রমিক কত, জানাল বিসিবি

বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) পরবর্তী তিনটি আসরের জন্য সাত দলের মালিকানা মনোনীত করেছে বিপিএল গভর্নিং কাউন্সিল।

রোববার এক বিজ্ঞপ্তিতে ফ্র্যাঞ্চাইজিগুলোর নাম প্রকাশ করে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। যেখানে নতুন যুক্ত হয়েছে রংপুর বিভাগ।

পরদিনই আজ (সোমবার) এক সংবাদ বিজ্ঞপ্তিতে দেশি-বিদেশি খেলোয়াড়দের পারিশ্রমিকও নির্ধারণ করেছে বিসিবি। যেখানে সর্বোচ্চ ক্যাটাগরির পারিশ্রমিক ধরা হয়েছে ৮০ লাখ টাকা, সর্বনিম্ন ৫ লাখ টাকা। দেশি ক্রিকেটার পাবেন এ অর্থ। দেশিদের সর্বোচ্চ ক্যাটাগরি ‘এ’ এবং সর্বনিম্ন ‘জি’।

এ ছাড়া বিদেশি ক্রিকেটারদের সর্বোচ্চ পারিশ্রমিক নির্ধারণ করা হয়েছে ৮০ হাজার মার্কিন ডলার।

সোমবার মিরপুরে সংবাদ সম্মেলন করে বিপিএল গভর্নিং কাউন্সিল এবারের বিপিএল খেলোয়াড়দের এ পারিশ্রমিক ঘোষণা করে।

বিদেশি ক্রিকেটারদের ডিরেক্ট সাইনিংয়ের ক্ষেত্রে কোনো বাধ্যবাধকতা রাখা হচ্ছে না এবার। যত ইচ্ছা ক্রিকেটার সাইন করাতে পারবে দলগুলো। একাদশে সর্বনিম্ন দুজন এবং সর্বোচ্চ চারজন বিদেশি ক্রিকেটার খেলাতে পারবে।

এবারের বিপিএলের ৭ দল হলো – বরিশালের মালিকানার জন্য মনোনীত হয়েছে ফরচুন বরিশাল স্পোর্টস লিমিটেড, খুলনা দলের জন্য মাইন্ডট্রি লিমিটেড, ঢাকা দলের জন্য প্রগতি গ্রিন অটো রাইস মিলস লিমিটেড, সিলেটের ফিউচার স্পোর্টস বাংলাদেশ লিমিটেড, রংপুরের জন্য বসুন্ধরা গ্রুপের টগি স্পোর্টস লিমিটেড, চট্টগ্রামের ডেল্টা স্পোর্টস লিমিটেড ও কুমিল্লার জন্য কুমিল্লা লিজেন্ডস লিমিটেড।

আগামী ৫ জানুয়ারি থেকে পরবর্তী বিপিএল শুরুর সম্ভাব্য সময় ঠিক করে রেখেছে বিসিবি। চলবে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত।

বিপিএলে দেশি-বিদেশি ক্রিকেটারদের পারিশ্রমিকের ভিত্তিমূল্য:

‘এ’ ক্যাটাগরি: ৮০ লাখ (দেশি), ৮০ হাজার ডলার (বিদেশি)
‘বি’ ক্যাটাগরি: ৫০ লাখ (দেশি), ৬০ হাজার ডলার (বিদেশি)
‘সি’ ক্যাটাগরি: ৩০ লাখ (দেশি), ৪০ হাজার ডলার (বিদেশি)
‘ডি’ ক্যাটাগরি: ২০ লাখ (দেশি), ৩০ হাজার ডলার (বিদেশি)
‘ই’ ক্যাটাগরি: ১৫ লাখ (দেশি), ২০ হাজার ডলার (বিদেশি)
‘এফ’ ক্যাটাগরি: ১০ লাখ (দেশি)

‘জি’ ক্যাটাগরি: ০৫ লাখ (দেশি)

ঝিনাইদহে দুইদিন ব্যাপি সোতোকান কারাতে প্রশিক্ষণের সমাপনী

ঝিনাইদহে দুইদিন ব্যাপি সোতোকান কারাতে দো’’র প্রশিক্ষণ কর্মশালা ও ২৩তম বেল্ট টেস্ট অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়েছে।

রবিবার (২৫ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০টায় এ কর্মশালা শুরু হয়ে সোমাবার বিকাল ৪টায় বেল্ট প্রদানের মাধ্যমে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়।

সমাপনি অনুষ্ঠানে সোতোকান কারাতেদো ঝিনাইদহের পরিচালক কাজী আলী আহম্মদ লিকুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন। বিশেষ অতিথি হিসেবে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, জেলা ক্রীড়া কর্মকর্তা মাহবুবুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাসলিমা বেগম, ঝিনাইদহ প্রেসক্লাবের আইসিটি বিষয়ক সম্পাদক শাহানুর আলম, সোতোকান কারাতে দো ঝিনাইদহ’র সহকারি পরিচালক মাহবুবুর রহমান বিপ্লব উপস্থিত ছিলেন। দুইদিন ব্যাপি এই প্রমিক্ষণ এবং বেল্ট টেস্ট কর্মশালার বিচারক হিসেবে ছিলেন জাতীয় কারাতের প্রশিক্ষক

মুহাম্মাদ জসিম উদ্দিন ব্লাক বেল্ট ৫ম ডান।

রবিবার ও সোমবার দুইদিন ব্যাপি এই সেমিনারে কারাতের বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান ও বেল্ট টেস্টের মাধ্যমে ২৭জন প্রক্ষিণার্থীর মধ্যে উর্ত্তীর্ণ ২৬জন কে সনদ ও বেল্ট প্রদান করা হয়।

ম্যাচসেরা হয়ে যা বললেন সাকিব

ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগে (সিপিএল) চলতি মৌসুমে গায়ানার হয়ে খেলছেন সাকিব আল হাসান। নিজের প্রথম দুই ম্যাচে প্রত্যাশা মতো পাননি সাফল্য সাকিব। তবে তৃতীয় ম্যাচে স্বরুপে ফিরেছেন এই অলরাউন্ডার।

শনিবার ত্রিনবাগো নাইট রাইডার্সের বিপক্ষে রীতিমতো ঝড় তুলে ছন্দে ফিরেছেন টাইগার অধিনায়ক।

বলিউড বাদশাহ শাহরুখ খানের দল ত্রিনবাগো নাইট রাইডার্সকে ৩৭ রানে হারিয়ে টানা তৃতীয় জয় তুলে নিয়েছে সাকিবের গায়ানা অ্যামাজন ওয়ারিয়র্স। এ ম্যাচে ব্যাট হাতে যেমন অনবদ্য ছিলেন সাকিব তেমনই বল হাতেও।

আগের দুই ম্যাচে রান না পাওয়া সাকিব এদিন ২৫ বলে ৩৫ রানের দারুণ এক ইনিংস খেলেছেন। ব্যাটের পর বল হাতেও এদিন গায়ানার হয়ে মাঠ মাতিয়েছেন তিনি। ৪ ওভারে মাত্র ২০ রান দিয়ে নিয়েছেন ৩ উইকেট। অলরাউন্ড পারফরমেন্সের জন্য ম্যান অফ দ্য ম্যাচ পুরস্কার উঠে সাকিবের ঝুলিতে।

ম্যান অফ দ্য ম্যাচ পুরস্কার নিতে এসে সাকিব বলেন, ‘দলের জন্য অবদান রাখতে পেরে ভালো লাগছে। প্রথম দুই ম্যাচে ভালো করতে পারিনি তবে আজকের রাতটা আমার ছিল।’

সংক্ষিপ্ত স্কোর-
গায়ানা অ্যামাজন ওয়ারিয়র্স: ১৭৩/৬ (২০ ওভার) গুরবাজ ৬০, হেমরাজ ৪, হোপ ১৪, সাকিব ৩৫, শেফার্ড ৬, হেটমায়ার ২৩, স্মিথ ২২*;

নারাইন ২/২৩, রামপল ১/৫২, সামিত ১/২৩

ত্রিনবাগো নাইট রাইডার্স: ১৩৬/১০ (২০ ওভার) সেইফার্ট ১৩, মুনরো ৩০, সামিত ৩৪, পুরান ১, পোলার্ড ১৩, রাসেল ১২, নারাইন ১৯; সাকিব ৩/২০, জুনিয়র ২/২৬, মতি ১/১৬, তাহির ২/৩১, স্মিথ ১/২১

ফল: গায়ানা অ্যামাজন ওয়ারিয়র্স ৩৭ রানে জয়ী

ম্যাচসেরা: সাকিব আল হাসান

মেসির জোড়া গোলে আর্জেন্টিনার দুর্দান্ত জয়

বিশ্বকাপের আগেই জার্সিটা গায়ে চড়িয়ে ফেলেছেন মেসিরা। আর সেই জার্সিতেই আলো ছড়িয়েছে আর্জেন্টিনা দল।

শনিবার হন্ডুরাসের বিপক্ষে ৩-০ গোলে জিতেছে লাতিন আমেরিকার পরাশক্তি। জোড়া গোল সেই ম্যাচটা দারুণভাবেই রাঙিয়েছেন লিওনেল মেসি।

মিয়ামির হার্ডরক স্টেডিয়ামে ম্যাচের ১৬ মিনিটে গোল পায় আর্জেন্টিনা। মাঝমাঠ থেকে মেসির বাড়ানো বল বক্সে খুঁজে পায় আলেহান্দ্রো পাপু গোমেজকে। তার স্কয়ার করা বল সহজ এক ট্যাপ ইনে লাওতারো মার্টিনেজ জড়িয়ে দেন প্রতিপক্ষের জালে।

এরপর একের পর এক আক্রমণ ঠেকিয়ে ৪৪ মিনিট পর্যন্ত ঠেকিয়ে রাখে হন্ডুরাস। বিরতির ঠিক আগে ৪৫ মিনিটে বক্সে লাওতারোকে ফাউল করে হন্ডুরাসের ডিফেন্ডার। পেনাল্টির বাঁশি বাজান রেফারি। সফল স্পটকিকে বল জালে জড়ান জড়ান লিওনেল মেসি।

২-০ গোলে এগিয়ে বিরতিতে যায় আর্জেন্টিনা।

বিরতির কিছু পরেই দ্বিতীয় গোলের দেখা পান মেসি। মাঝমাঠ থেকে এনজো ফার্নান্দেজের বাড়ানো বল নিয়ে বক্সের বাইরে থেকে

গোলরক্ষকের মাথার ওপর দিয়ে দারুণ এক চিপে গোল করেন মেসি।

এরপর আর কোনো গোল করতে পারেনি আর্জেন্টিনা। ফলে ৩-০ গোলের ব্যবধানে জয় নিয়ে মাঠ ছাড়ে লিওনেল স্ক্যালোনির শিষ্যরা।

নিজেদের পরবর্তী ম্যাচে আগামী ২৮ সেপ্টেম্বর জ্যামাইকার মুখোমুখি হবে আর্জেন্টিনা।